যায়যায়দিন

15 NOV 2012
কলাম

এমপিওভুক্ত না হলে শিক্ষকদের আত্মাহুতির হুমকি!

যাযাদি রিপোর্ট

এমপিওভুক্তির দাবিতে শিক্ষা ভবনের সামনে দ্বিতীয় দিনের মতো অবস্থান কর্মসূচি পালন করছেন এমপিওবঞ্চিত শিক্ষকরা। অবস্থান কর্মসূচিতে শিক্ষক নেতারা জানিয়েছেন, নভেম্বরের মধ্যে শূন্যপদ পূরণের সঙ্গে এমপিওবঞ্চিত শিক্ষকদের এমপিওভুক্ত না করা হলে শিক্ষকরা শিক্ষার ছাদ থেকে লাফিয়ে পড়ে আত্মাহুতি দেবেন। বাংলাদেশ এমপিওবঞ্চিত শিক্ষক ফোরামের উদ্যোগে বুধবার সকাল থেকে শিক্ষা ভবনের সামনে তারা কর্মসূচি শুরু করেন। তবে প্রধানমন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি অনুষ্ঠানে যোগ দিতে শিক্ষা ভবনের সামনের পথ দিয়ে যাওয়ায় বেলা ১১টায় পুলিশ তাদের উঠিয়ে দেয়। পরে তারা প্রেসক্লাবের সামনে অবস্থান নেন। প্রধানমন্ত্রী চলে গেলে আগের জায়গায় অবস্থান নেবেন শিক্ষকরা।

এমপিওভুক্তির দাবিতে বুধবার শিক্ষা ভবনের সামনে বাংলাদেশ এমপিও বঞ্চিত শিক্ষক ফোরাম অবস্থান কর্মসূচি পালন করে -ফোকাস বাংলা

ফোরামের আহ্বায়ক মনজিল এ মিল্লাত বলেন, ২০০৯-১০ অর্থবছরে এসব শিক্ষকদের মধ্যে ১৬২২ জনের এমপিওভুক্ত হলেও ১৪৪১ জনের এমপিও করেনি সরকার। তিনি বলেন, এসব শিক্ষকরা ১০-১২ বছর থেকে বিনা বেতনে চাকরি করছেন। প্রায় তিন বছর ধরে তারা মন্ত্রী, সচিব, অধিদপ্তরের ডিজির দ্বারে দ্বারে ঘুরেও কোনো ফল পাননি।

মনজিল এ মিল্লাত বলেন, এর আগে ফেব্রুয়ারি মাসেও তারা শিক্ষা ভবনের সামনে অনশন কর্মসূচি পালন করেন। সে সময় শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব খন্দকার রাকিবুর রহমান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক নোমানুর রশিদ ২ মাসের মধ্যে তাদের এমপিওভুক্তির ঘোষণা দিলেও এখনো কোনো উদ্যোগ নেয়নি সরকার।

তিনি আরো জানান, নভেম্বরের মধ্যে শূন্যপদের সঙ্গে এমপিওবঞ্চিত শিক্ষকদের এমপিওভুক্ত না করা হলে শিক্ষকরা শিক্ষা ভবনের ছাদ থেকে লাফিয়ে পড়ে আত্মাহুতি দেবেন। কর্মসূচিতে ফোরামের যুগ্ম-আহ্বায়ক হাদিসুর রহমান, আবুল কাশেম ও আমীর আলীসহ শিক্ষকরা অংশ নিচ্ছেন।